

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ২২৮৫

ا كتاب التجارات) ३২/ त्रावञा-वां विका

পরিচ্ছেদঃ ১২/৬২, চতুস্পদ জন্তু অগ্রিম ক্রয়-বিক্রয়

بَابِ السَّلَمِ فِي الْحَيَوَانِ

আরবী

حَدَّثَنَا هِشَامُ بْنُ عَمَّارٍ، حَدَّثَنَا مُسْلِمُ بْنُ خَالِدٍ، حَدَّثَنَا زَيْدُ بْنُ أَسْلَمَ، عَنْ عَطَاءِ بْنِ يَسَارٍ، عَنْ أَبِي رَافِعٍ، أَنَّ النَّبِيَّ - صلى الله عليه وسلم - اسْتَسْلَفَ مِنْ رَجُلٍ بَكْرًا وَقَالَ " إِذَا جَاءَتْ إِبِلُ الصَّدَقَةِ قَضَيْنَاكَ " . فَلَمَّا قَدِمَتْ قَالَ " يَا أَبَا رَافِعِ اقْضِ هَذَا الرَّجُلَ بَكْرَهُ " . فَلَمَّ الله عَليه وسلم - فَقَالَ " أَعْطِهِ فَإِنَّ فَلَمُّ أَجِدْ إِلاَّ رَبَاعِيًا فَصَاعِدًا فَأَخْبَرْتُ النَّبِيَّ - صلى الله عليه وسلم - فَقَالَ " أَعْطِهِ فَإِنَّ خَيْرَ النَّاسِ أَحْسَنُهُمْ قَضَاءً " .

বাংলা

১/২২৮৫। আবূ রাফে (রাঃ) থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এক ব্যক্তির নিকট থেকে ধারে একটি উঠতি বয়সের উট কিনেন এবং বলেনঃ যাকাতের উট এলে তোমার ধার পরিশোধ করবো। অতঃপর যাকাতের উট এলে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ হে আবূ রাফে! সেই লোকের উটটি পরিশোধ করো। অতএব আমি চার বছর বা ততোধিক বয়সের উট ছাড়া আর কোন উট পেলাম না। আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বিষয়টি অবহিত করলে তিনি বলেনঃ ওটাই তাকে দাও। কেননা লোকেদের মধ্যে সেই ব্যক্তি উত্তম যে উত্তমভাবে ঋণ পরিশোধ করে।

English

It was narrated from Abu Rafi' that:

the Prophet (ﷺ) asked a man to give as a loan a young camel and said: "When the camels of the Sadaqah come, we will pay you back." When the camels came, he said: "O Abu Rafi', pay this man back for his Young camel." But all I could find was a seven-year-old camel or that which is better. I told the Prophet (ﷺ) and he said: "Give it to him, for the best of People are those who are best in repaying."



ফুটনোট

মুসলিম ১৬০০, তিরমিয়ী ১৩১৮, নাসায়ী ৪৬১৭, আবু দাউদ ৩৩৪৬, আহমাদ ২৬৬৪০, মুয়াত্তা মালেক ১৩৮৪, দারেমী ২৫৬৫, বায়হাকী ফিস সুনান ৬/২১, ইরওয়া ১৩৭১।

তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী মুসলিম বিন খালিদ আয-যানজী সম্পর্কে আবু আহমাদ বিন আদী আল-জুরজানী বলেন, তার হাদিস বর্ণনায় কোন অসুবিধা নেই। আবু জা'ফার আল-উকায়লী ও আবু দাউদ আস-সাজিসতানী বলেন তিনি দুর্বল। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় সন্দেহ করেন। (তাহযীবুল কামালঃ রাবী নং ৫৯২৫, ২৭/৫০৮ নং পৃষ্ঠা)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবৃ রাফি' (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন